

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 অর্থ মন্ত্রণালয়
 অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
 (কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ, ১৭ আগস্ট, ১৪২২ বঙ্গাব্দ/১ জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২০৭-আইন/২০১৫/৮৮/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 202A এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অনাদায়যোগ্য সরকারী পাওনা অবলোপনের (Write off) লক্ষ্য নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ-

- ১। **সংক্ষিপ্ত শিরোনাম।**- এই বিধিমালা সরকারী পাওনা অবলোপন বিধিমালা, ২০১৫ নামে অভিহিত হইবে।
- ২। **সংজ্ঞা।**- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়-
 - (ক) “আইন” অর্থ The Customs Act, 1969 (Act NO. IV of 1969);
 - (খ) “দেউলিয়া” অর্থ ‘দেউলিয়া বিষয়ক আইন, ১৯৯৭’ এর ধারা ২ এর ক্রমিক নং (১৮) তে সংজ্ঞায়িত দেনাদার;
 - (গ) “ব্যক্তি” অর্থ কোনো কোম্পানি, অংশীদারিত্বমূলক প্রতিষ্ঠান, সমিতি অথবা কোনো ব্যক্তিসংঘ অন্তর্ভুক্ত হইবে;
 - (ঘ) “বোর্ড” অর্থ National Board of Revenue Order, 1972 (P.O. No 76 of 1972) এর অধীন গঠিত জাতীয় রাজস্ব বোর্ড;
 - (ঙ) “শুল্ক ও কর” অর্থ The Customs Act 1969, Sales Tax Ordinance, 1984 (বর্তমানে বাতিলকৃত) ও মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর আওতায় প্রযোজ্য শুল্ক-কর;
 - (চ) “সরকারী পাওনা” অর্থ আইনের section 202A তে বর্ণিত পাওনা;

৩। অবলোপনযোগ্য সরকারী পাওনা।- যেই ক্ষেত্রে বিদ্যমান আইন অথবা তদবীন প্রণীত বিধিমালার অধীন কোন শুল্ক ও কর বা অন্য কোন অর্থ কোন ব্যক্তি কর্তৃক সরকারের নিকট প্রদেয় হয় অথবা কোন ব্যক্তির বিরুদ্ধে কোন অর্থদণ্ড আরোপ করা হয় এবং উক্ত শুল্ক, অর্থদণ্ড অথবা অন্যান্য অর্থ নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করা হয় নাই এবং উক্ত ব্যক্তির দেউলিয়াত্ত্বের (bankruptcy) অথবা নিখোঁজ (Untraceable) হওয়ার অথবা অন্য কোন কারণে উক্ত শুল্ক, অর্থদণ্ড বা অর্থ বিদ্যমান আইনে ব্যবস্থিত পদ্ধতিতে তাহার নিকট হইতে আদায় করা যায় নাই অথবা আদায়যোগ্য নয় সেই ক্ষেত্রে বিধি ৪ এ উল্লিখিত পদ্ধতিতে উহা অবলোপন করা যাইবে ।

৪। অবলোপনের পদ্ধতি।- সরকারী পাওনা অনাদায়যোগ্য হইলে উহা অবলোপনের জন্য নিম্নরূপে ব্যবস্থা গ্রহণ করিতে হইবে, যথা:-

- (ক) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সংশ্লিষ্ট কমিশনার অনাদায়যোগ্য সরকারী পাওনা সম্পর্কিত তথ্য পরিশিষ্টে উল্লিখিত ফরমে জাতীয় রাজস্ব বোর্ডের নিকট প্রেরণ করিবেন;
- (খ) দফা (ক) অনুসারে কমিশনারের নিকট হইতে প্রাপ্ত তথ্য বোর্ড উহার বোর্ড সভায় উপস্থাপন করিবে;
- (গ) বোর্ড সভায় উক্ত অনাদায়ী রাজস্ব অবলোপনের সিদ্ধান্ত গ্রহণ করিবার পর উহা চূড়ান্ত অনুমোদনের জন্য সরকারের নিকট প্রেরণ করিতে হইবে ; এবং
- (ঘ) সরকার কর্তৃক চূড়ান্ত অনুমোদনের পর বোর্ড অনাদায়ী সরকারী পাওনা অবলোপনের বিষয়ে আদেশ জারী করিবে ।

পরিশিষ্ট

‘ফরম’

অনাদায়যোগ্য সরকারী পাওনা অবলোপন সংক্রান্ত তথ্য

[বিধি ৪ এর দফা (ক) দ্রষ্টব্য]

- ১। আমদানিকারক বা রপ্তানিকারকের নাম (যাহার নামে বকেয়া)
- ২। ঠিকানা
- ৩। নিবন্ধন সংক্রান্ত তথ্য :
- (ক) মূল্য সংযোজন কর (মুসক) নিবন্ধন
- (খ) আমদানি/রপ্তানি নিবন্ধন

- ৪। আমদানি/রঞ্জনি পণ্যের বর্ণনা
- ৫। পাওনা উত্তরের প্রেক্ষাপট
- ৬। কারণ দর্শনো নোটিশ ইস্যুর তারিখ ও কপি
- ৭। পাওনা আদায়ে যে সকল পদক্ষেপ গৃহীত হইয়াছে-
- (ক) অন্য কোন ব্যক্তির নিকট উক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের পাওনা রহিয়াছে কি নাঃ
 - (খ) বকেয়া আরোপিত ব্যক্তির মূসক আরোপযোগ্য বিক্রয়যোগ্য কোন পণ্য রহিয়াছে কিনাঃ
 - (গ) বকেয়া আরোপিত ব্যক্তির শুল্ক আরোপযোগ্য বিক্রয়যোগ্য কোন পণ্য রহিয়াছে কি নাঃ
 - (ঘ) আটকযোগ্য কোন পণ্য রহিয়াছে কি নাঃ
 - (ঙ) আটককৃত পণ্য বিক্রয়যোগ্য কিনা :
 - (চ) উত্তরাধিকারের নিকট অর্পিত কোন পণ্য/সম্পত্তি রহিয়াছে কি নাঃ
 - (ছ) ১. স্থানান্তরযোগ্য/অযোগ্য কোন সম্পত্তির বর্ণনা
২. অন্যান্য সরকারী সংস্থার নিকট পাওনা
৩. বকেয়া আরোপিত ব্যক্তির ব্যাংক এ্যাকাউন্ট সম্পর্কিত তথ্যাদি
- ৮। অবলোপনযোগ্য অর্থের পরিমাণ :
শুল্ক ও করঃ
জরিমানা :
আরোপিত অর্থদণ্ড :
সুদ (প্রযোজ্য ক্ষেত্রে) :
মোট পাওনা :
আইনের বিধান অনুযায়ী আদায়কৃত/সমন্বয়কৃত অর্থ :
অবলোপনযোগ্য পরিমাণ অর্থ :
৯। বকেয়া উত্তৃত হইবার পর কোন সম্পত্তি উক্ত ব্যক্তির অধীন হইতে বিক্রয়/স্থানান্তর হইয়াছে কিনা/উক্ত সম্পত্তি হইতে অর্থ আদায় সম্ভব কি নাঃ
- ১০। (ক) বকেয়া আরোপনীয় ব্যক্তির উপর কোনরূপ শান্তি আরোপ হইয়াছে কিনা। না হইলে কারণ কি:

(খ) শাস্তির বর্ণনা :

- ১১। অনাদায়ী পাওনা উদ্ভূত হইবার বিষয়ে পদ্ধতি বা বিধিগত কোন অক্টি সংঘটিত হইয়াছে কি? হইয়া থাকিলে তাহা সংশোধনের প্রয়োজনীয়তা আছে কি না?

কমিশনার

স্বাক্ষর
(নামীয় সিলসহ)

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
(মোঃ নজিরুর রহমান)
সচিব।